22 MAY 2016

তারিখ 23 MAY 2016
পৃষ্ঠা ৭ কলাম ৬

দৈনিক
ইত্তেফাক

# ‘বাজেটে শিক্ষাখাতে সর্বোচ্চ অগ্রাধিকার দেয়া প্রয়োজন’

■ বিশ্ববিদ্যালয় রিপোর্টার

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক শিক্ষাখাতে সর্বোচ্চ বরাদ্দ এবং অগ্রাধিকারের ওপর গুরুত্বারোপ করে বলেছেন, শিক্ষিত জনগোষ্ঠীই সর্বোত্তম প্রতিরক্ষা। প্রতিরক্ষা খাতের প্রয়োজন আছে। তবে দক্ষ জনশক্তি না থাকলে, শিক্ষিত মানবসম্পদ না থাকলে ভাল প্রতিরক্ষা ব্যবস্থা পাওয়া যাবে না। দক্ষ ডাক্তার না থাকলে ভাল স্বাস্থ্যসেবা পাওয়া যাবে না। কৃষিতে ভাল ছাত্র না থাকলে ভাল কৃষি বিশেষজ্ঞ প্যাওয়া যাবে না। সুশিক্ষিত রাজনীতিবিদ না থাকলে দেশ এগিয়ে নিয়ে যাওয়া যাবে না।

গতকাল শনিবার দুপুরে নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবন মিলনায়তনে দিনব্যাপী ‘জন-বাজেট-সংসদ’ শীর্ষক ছায়া বাজেট সংসদের উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতির বক্তব্যে এ কথা বলেন তিনি। জাতীয় পরিকল্পনা ও বাজেট সম্পর্কিত সংসদীয় ককাস, ঢাকা বিশ্ববিদ্যালয়ের সেন্টার অন বাজেট এন্ড পলিসি এবং গণতান্ত্রিক বাজেট আন্দোলনের যৌথ উদ্যোগে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

আসছে বাজেট ২০১৬-১৭

অনুষ্ঠানে সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত থেকে ‘জন-বাজেট-সংসদ’-এর উদ্বোধন করেন অর্থ-মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি ড. আব্দুর রাজ্জাক এমপি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাজেট সম্পর্কিত সংসদীয় ককাসের সহ-সভাপতি কবি কাজী রোজী এমপি ও সাধারণ সম্পাদক নাজমুল হক প্রধান এমপি, বাংলাদেশ অর্থনীতি সমিতির সাধারণ সম্পাদক জামালউদ্দীন আহমদ, একশন. এইড বাংলাদেশের কান্ট্রি ডিরেক্টর ফারাহ কবির, গণতান্ত্রিক বাজেট আন্দোলনের সভা প্রধান ড. প্রতিমা পাল মজুমদার প্রমুখ। উদ্বোধনী অধিবেশনে ‘জাতীয় বাজেট ২০১৬-১৭ জনঅংশীদারিত্বের সন্ধানে’ শীর্ষক গ্রন্থের মোড়ক উন্মোচন করেন অতিথিরা।

ঢাবি ভিসি বলেন, আজকে আমরা ৮ম শ্রেণি পর্যন্ত প্রাথমিক শিক্ষা ব্যবস্থা পুনঃসংস্কারের সিদ্ধান্ত গ্রহণ করেছি। অথচ জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কুদরত-এ-খোদা শিক্ষা কমিশন গ্রহণ করে শিক্ষার ওপর গুরুত্ব দিয়ে সর্বোপরি রেখেছিলেন প্রাথমিক শিক্ষা। আজকে তাই সবচেয়ে অগ্রাধিকারের বিষয় হলো প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে অধিকতর বরাদ্দ বৃদ্ধি করা।

নারায়ণগঞ্জে শিক্ষক লাঞ্ছিত হওয়ার ঘটনা উল্লেখ করে ভিসি বলেন, দায়িত্বের দিক থেকে আমাদের সকলকে সংবেদনশীল হতে হবে। শিক্ষককে সম্মান করতে হবে। একজন জনপ্রতিনিধি যদি শিক্ষককে হেয় করেন তাহলে সেটা অত্যন্ত দুঃখজনক। শিক্ষকদের সম্মানজনক পরিবেশ সৃষ্টির জন্য বাজেট বরাদ্দের ক্ষেত্রে শিক্ষাখাতে তাই অগ্রাধিকার দিতে হবে। তাতে মেধাবী শিক্ষার্থী পাওয়া যাবে। মেধাবী শিক্ষার্থী শিক্ষক হতে আগ্রহী হবে। মেধাবী শিক্ষক না হলে শিক্ষার মান বৃদ্ধি পাবে না। জাতীয় অগ্রগতিও সম্ভব নয়।

ড. আব্দুর রাজ্জাক এমপি বলেন, বাংলাদেশের সক্ষমতা বৃদ্ধি পেয়েছে। শিক্ষায় বাজেট বরাদ্দের বিকল্প নেই তবে পল্লী বাংলার দিকেও দৃষ্টি দিতে হবে। কল্যাণমূলক বাজেট পেতে হলে জনগণকেও অংশগ্রহণের দায়িত্ব নিতে হবে, নিয়মিতভাবে সকলকে কর দিতে হবে।

সভায় শিক্ষা-স্বাস্থ্য. শ্রম-কর্মসংস্থান, কৃষি প্রতিবন্ধিতা. জেন্ডার. তারুণ্যের বাজেটসহ জাতীয় পরিকল্পনায় জনঅংশগ্রহণ. বাজেটের বিকেন্দ্রীকরণ ও বৈষম্য দূরীকরণ. টেকসই উন্নয়ন লক্ষ্য ও ৭ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা বাস্তবায়ন বিষয়ে বিভিন্ন অধিবেশনে আলোচনা অনুষ্ঠিত হয়। দিনব্যাপী এই অধিবেশনে সারাদেশের জনপ্রতিনিধি, গবেষক ও বাজেট বিশ্লেষকসহ বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ এই জন-বাজেট সংসদে অংশগ্রহণ করে। বিকালে সমাপনী অধিবেশন অনুষ্ঠিত হয়।